



শেখ হাসিনার মৃত্যুদণ্ডে দেশে ন্যায়বিচার আরও দৃঢ় হয়েছে: আসিফ নজরুল



সংগৃহীত ছবি

শেখ হাসিনার মৃত্যুদণ্ডের রায়কে দেশে ন্যায়বিচারের প্রতিষ্ঠা হিসেবে আখ্যা দিয়েছেন আইন উপদেষ্টা আসিফ নজরুল। তিনি বলেন, জুলাই গণঅভ্যুত্থানের লক্ষ্য বাস্তবায়নের পথে এটি আরেকটি গুরুত্বপূর্ণ জয়।

সোমবার (১৭ নভেম্বর) আদালতে রায় ঘোষণার পর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় তিনি এসব মন্তব্য করেন।

আসিফ নজরুলের মতে, “পৃথিবীর যেকোনো আদালতে বিচার হলেও শেখ হাসিনা দণ্ডিত হতেন।”

প্রত্যর্পণ প্রসঙ্গে তিনি বলেন, ভারতকে আবার আনুষ্ঠানিকভাবে চিঠি পাঠানো হবে। ফেরত না দিলে তা বাংলাদেশের জনগণের প্রতি শত্রুতাপূর্ণ আচরণ হিসেবে বিবেচিত হবে বলেও মন্তব্য করেন তিনি।

এর একটু আগে নিজের ভেরিফায়েড ফেসবুকে তিনি লিখেন— “শেখ হাসিনার মৃত্যুদণ্ড। শোকর আলহামদুলিল্লাহ।”

জুলাই গণঅভ্যুত্থানের সময় মানবতাবিরোধী অপরাধের মামলায় ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে মৃত্যুদণ্ড দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১।

রাজসাক্ষী ও সাবেক আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল মামুন পেয়েছেন ৫ বছরের কারাদণ্ড।

বিচারপতি গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের ট্রাইব্যুনাল এই রায় ঘোষণা করেন। অপর সদস্য ছিলেন বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ ও বিচারক মো. মোহিতুল হক এনাম চৌধুরী।